

বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন

ফোন : ৮৮০-২-৯৬৭৫০০২, ৯৬১২৯৯৭
ফ্যাক্স : ৮৮০-২-৮৬১০৪২০
Web : www.bncu.gov

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
১, জহির রায়হান রোড, পলাশী-নীলক্ষেত্র, ঢাকা-১২০৫

তারিখঃ ০৭ সেপ্টেম্বর ২০২২


প্রেস রিলিজ

শিক্ষা মন্ত্রী ডা. দীপু মনি গুনগত ও মান সম্মত শিক্ষা ব্যবস্থার উপর গুরুত্বারোপ করে বলেন বাংলাদেশ শিক্ষার উন্নয়নে ইউনেস্কোর ভূমিকা অপরিসীম।

মন্ত্রী আজ (বুধবার) ৭ সেপ্টেম্বর ২০২২ তারিখ ঢাকার ব্যানবেইস ভবনে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন আয়োজিত ইউনেস্কো পার্টিসিপেশন প্রোগ্রাম ২০২২-২৩ এর আওতায় বিভিন্ন এনজিও প্রতিষ্ঠানের নিকট চেক বিতরণ অনুষ্ঠানে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বিএনসিইউ এর সেক্রেটারি জেনারেল এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব জনাব মোঃ আবু বকর ছিদ্দীক সভাপতিত্ব করেন। বিএনসিইউ এর ডেপুটি সেক্রেটারি জেনারেল জনাব মোঃ সোহেল ইমাম খান শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন।

পার্টিসিপেশন প্রোগ্রাম ইউনেস্কোর নিয়মিত কার্যক্রমের একটি গুরুত্বপূর্ণ পরিপূরক হিসেবে কাজ করে, যা সরাসরি সংস্থার কার্যক্রমের সাথে সম্পর্কিত। বিভিন্ন সদস্য রাষ্ট্র, এনজিও, উপ-আঞ্চলিক, আন্তঃ-আঞ্চলিক এবং আঞ্চলিক সংস্থাসমূহের জমাদানকৃত প্রকল্পগুলির বাস্তবায়নে পার্টিসিপেশন প্রোগ্রাম বিশেষ ভূমিকা পালন করে থাকে। উল্লেখ্য, এটি ইউনেস্কো এবং এর সদস্য রাষ্ট্রগুলির পাশাপাশি ইউনেস্কোর সাথে আনুষ্ঠানিক অংশীদারিত্বে কাজ করে থাকে। ইউনেস্কোর মহৎ মিশনের অন্তর্ভুক্তিমূলক এবং উদার চেতনাকে উন্নত করার ক্ষেত্রে পার্টিসিপেশন প্রোগ্রাম একটি অন্যতম অনুষ্ঠান।

বার্তা প্রেরক



এস এম ফয়সাল আরাফাত

প্রোগ্রাম অফিসার

মোবাইলঃ ০১৭১১৫২০১৪৬

